# পিসির ঝুটঝামেলা

**ট্রাবলশুটার টিম**

**সমস্যা :** আমার পিসির কনফিগারেশন হচ্ছে ইন্টেল কোরআই৩ ৪১৬০ ৩.৬০ গিগাহার্টজ, গিগাবাইট জি৮১ মাদারবোর্ড, টুইনমস ৮ গিগাবাইট ডিডিআর৩ র‍্যাম, ১ টেরাবাইট হার্ডডিস্ক, স্যামসাং ১৮.৫ ১৯ডি৩০০এস মনিটর, ডিজিটাল এক্স ৩০৬ এটিএক্স ক্যাসিং। পিসি কিনেছি এক মাসও হয়নি। এর মধ্যেই আমার পিসির কিছু সমস্যা দেখা দিয়েছে। প্রথমে লক্ষ করলাম, মনিটরের অ্যাডাপ্টার ৩০ মিনিট সময়ের মধ্যেই গরম হয়ে যায়। এরপর দেখলাম সিস্টেম ইউনিটের পাওয়ার ক্যাবলের তিনটি মাথার একটির সামান্য অংশ গলে গেছে তা বুঝা যায়। শেষ যখন পিসি চালানো হয়, তখন সিস্টেমের পাওয়ার ক্যাবল খুব বেশি গরম হয়ে ৩০ মিনিটেই মধ্যে সামান্য পোড়া গন্ধ ছড়িয়েছিল পাওয়ার ক্যাবল থেকে। এরপর পিসির ইলেকট্রিক কানেকশন দেয়ার সাথে সাথেই বিদঘুটে একটা আওয়াজ শুরু হয়, যা আগে হতো না। পাওয়ার বাটনে চাপ দিলে বাতি জ্বলে ওঠে, কিন্তু মনিটর শো করে না। মাল্টিপ্লাগের অন্য একটা প্লাগে এবং বাসার অন্য প্লাগে সিস্টেমের কানেকশন দিলে একেবারেই চালু হচ্ছে না। অথচ ওই আগের প্লাগটাতেই শুধু দেয়ার সাথে সাথে আওয়াজ হচ্ছে, পাওয়ার বাটনের বাতি জ্বলছে, কিন্তু মনিটর শো করে না। এই সমস্যার সমাধান কীভাবে করব? ভোল্টেজ ইক্যুয়ালাইজার ব্যবহার করা কি অবশ্যই আবশ্যক? মনিটর এবং সিস্টেমের পাওয়ার ক্যাবল কেন গরম হয়ে যায়? আর এই সমস্যাটা কেনো হলো সেটা জানতে আমি খুবই উদগ্রীব। বিঃদ্রঃ ভোল্টেজ ইক্যুয়ালাইজার/ইউপিএস ব্যবহার করা হয় না।

**–ইমরান হোসেন**

**সমাধান :** আমাদের দেশের বিদ্যুৎ ব্যবস্থার যে অবস্থা তাতে আমাদের জন্য ইউপিএস ব্যবহার করাটা আবশ্যিক। আপনি সরাসরি ওয়ালস কেটে কানেকশন দিয়েছেন নাকি মাল্টিপ্লাগ ব্যবহার করেছেন তা স্পষ্ট করে লিখেননি। যদি ওয়ালস কেটে সরাসরি পিসির পাওয়ার সাপ্লাইয়ের কানেকশন দিয়ে থাকেন, তবে মনিটরের কানেকশন কীভাবে দিয়েছেন? যদি মাল্টিপ্লাগ বা পাওয়ার স্ট্রিপ ব্যবহার করে থাকেন, তবে তা বদলে ভালো ব্র্যান্ডের দামি পাওয়ার স্ট্রিপ ব্যবহার করুন। সস্তা পাওয়ার স্ট্রিপগুলো বেশি লোড নিতে পারে না এবং পুড়ে যায় বা সিস্টেমের ক্ষতি করে। সিস্টেমের যতটুকু পাওয়ার প্রয়োজন তা সঠিকভাবে না পেলে বা কানেকশনে কোনো সমস্যা থাকলে গরম হয়ে যাওয়া বা বার্ন সমস্যা দেখা দেয়। আপনি বলেছেন, প্লাগের পিনের মাথা পুড়ে গেছে। তাই সেই পোড়া প্লাগ বাদ দিয়ে নতুন ভালো প্লাগ কিনে নিন। সিস্টেমের সবগুলো ক্যাবল ভালো করে চেক করে দেখুন সব ঠিক আছে কি না। যদি মনিটর পিসির পাওয়ার সাপ্লাইয়ের সাথে কানেক্ট করে থাকেন, তবে তা খুলে আলাদাভাবে ভালো পাওয়ার স্ট্রিপে কানেকশন দিয়ে দেখুন। আর যত দ্রুত সম্ভব ইউপিএস কিনে নিন। আপনার পিসির কনফিগারেশন অনুযায়ী আপনার ৮৫০ভিএ বা ১২০০ভিএ ক্ষমতার ইউপিএস কেনা উচিত। ইলেকট্রিশিয়ান ডেকে আপনার ওয়ালস কেটে কোনো সমস্যা আছে কি না, তা চেক করে দেখুন।

**সমস্যা :** আমার পিসির কনফিগারেশন হচ্ছে ইন্টেল কোরআই৩ ৪০৩০ইউ ১.৯ গিগাহার্টজ প্রসেসর, ৪ গিগাবাইট ডিডিআর৩ র‍্যাম, ৫০০ গিগাবাইট র‍্যাম, ইন্টেল এইএম৮১ চিপসেট মাদারবোর্ড, এনভিডিয়া জিফোর্স ৮২০এম ২ গিগাবাইট গ্রাফিক্স কার্ড। আমার প্রশ্নগুলো হচ্ছে– ০১. সব ধরনের প্রোগ্রামিং এটাতে করা কী সম্ভব? ০২. ওয়েব ডিজাইনিং করার ক্ষেত্রে কোনো সমস্যা হবে? ০৩. গ্রাফিক্সের কেমন ধরনের কাজ করা যাবে?

**–রাকিব হাসান**

**সমাধান :** প্রোগ্রামিং, ওয়েব ডিজাইনিং ও গ্রাফিক্স ডিজাইনিং তিনটি তিন ধাঁচের কাজ। এসব কাজের জন্য মাঝারি মানের পিসি হলেই কাজ করা যায়। তবে গ্রাফিক্স ডিজাইনের কাজের জন্য র‍্যামের পরিমাণ কিছুটা বাড়িয়ে নিতে পারেন, যদি কাজ করার সময় আপনার মনে হয় আরও বেশি মেমরি দরকার। তবে আপনার পিসির যে কনফিগারেশন আছে, তাতে অনায়াসে আপনি ওপরের কাজগুলো করতে পারবেন।

**সমস্যা :** আমার এইচপি ২০০০ ল্যাপটপ হঠাৎ করে আর চালু হচ্ছে না। ল্যাপটপ অন করলে boot device not found লেখা দেখায়। এটি কি ধরনের সমস্যা? এটি কীভাবে সমাধান করব?

**–তাপস**

**সমাধান :** আপনার ল্যাপটপের হার্ডডিস্কে সমস্যা। আপনি অন্য হার্ডডিস্ক ব্যবহার করে দেখুন। ল্যাপটপের হার্ডডিস্কটি খুলে অন্য পিসি বা ল্যাপটপে ব্যবহার করে দেখুন। যদি না পারেন, তবে ল্যাপটপ সার্ভিসিং সেন্টারে ল্যাপটপটি দেখান।

**সমস্যা :** আমার গিগাবাইট (GA-H61M-S2PV) মাদারবোর্ড আজ কয়েক দিন ধরে অটো চালু হচ্ছে, আবার বন্ধ হচ্ছে। প্রথম কয়েক দিন ১০-১৫ মিনিট চলত। এখন তো ১-২ মিনিট স্থায়ী থাকে, আবার বন্ধ হয়। আবার চালু হয়। আমি পুরো মাদারবোর্ড খুলে র‍্যাম ও প্রসেসর লাগিয়ে দেখেছি একই সমস্যা। আমি এখন কী করতে পারি।

**–জায়েদ রহমান**

**সমাধান :** পিসির পাওয়ার সুইচে বা মাদারবোর্ডের সমস্যা। তাই সার্ভিস সেন্টারে নিয়ে গেলেই ভালো হবে কজ

*ফিডব্যাক : jhutjhamela24@gmail.com*